

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
[আইন-১ অধিশাখা]
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.১২০.২০১৬ - ২০২৬

তারিখ ২২ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
০৫ জুন ২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ রীট পিটিশন নং- ৪১৯৫/২০১৮ এ স্থগিতাদেশের বিরুদ্ধে সিভিল পিটিশন (সি.পি) দায়ের প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার কার্যালয় থেকে ২৭.৩.২০১৮ তারিখে প্রেরিত রুলের কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আরবান প্রাইমারী হেলথ কেয়ার প্রকল্প-২ এর আওতায় নিয়োজিত জনবল আরবান প্রাইমারী হেলথ কেয়ার সার্ভিস ডেলিভারী প্রকল্পে ধারাবাহিকভাবে Carried Over হিসেবে নিয়োগের দাবীতে বাদী মোঃ তানভীর হোসেন, পিতা-মোঃ শামসুজ্জামান, সিনিয়র প্রোগ্রাম অফিসার, (বিসিসি এবং রিসার্চ) পিএমইউ, ইউপিএইচসিএসডিপি, ৬ষ্ঠ তলা, নগর ভবন, ঢাকা ও অপর ৭৭ জন কর্তৃক এ বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ৫ (পাঁচ) জনকে প্রতিপক্ষ করে হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং- ৪১৯৫/২০১৮ দায়ের করেছেন। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তে উক্ত প্রকল্পে পিটিশনারগণকে চাকুরির ধারাবাহিকতায় রাজস্ব খাতে আত্মীকরণের নির্দেশনা কেন দেয়া হবে না সে মর্মে রুল ইস্যু পূর্বক প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালত তর্কিত নিয়োগ প্রক্রিয়ার উপর আদেশের তারিখ হতে পরবর্তী ৬ (ছয়) মাসের জন্য Status quo বজায় রাখার আদেশ দিয়েছেন।

২। এমতাবস্থায়, রীট পিটিশন নং-৪১৯৫/২০১৮ এর স্থগিতাদেশের বিরুদ্ধে সরকার পক্ষে সিভিল পিটিশন (সি.পি) দায়েরের জন্য স্থানীয় সরকার বিভাগের বিজ্ঞ প্যানেল আইনজীবী হিসেবে নিদেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হল।

সংযুক্তঃ ওকালতনামা ----- ফর্দ।



(মোঃ ইফতেখার আহমেদ চৌধুরী)

উপসচিব

☎ ৯৫৪০৯৯৫

E mail: dslaw1.lgd.gov@gmail.com

ব্যারিষ্টার কাজী মইনুল হাসান
বিজ্ঞ প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

- ১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
- ২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
- ৩। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), স্থানীয় সরকার বিভাগ।
- ৪। প্রকল্প পরিচালক, আরবান প্রাইমারী হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারী প্রজেক্ট (ইউ, এইচ,এস, ডি, পি), ৬ষ্ঠ তলা, নগর ভবন, ঢাকা।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
- ১০। কম্পিউটার প্রোগ্রামার (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। অফিস কপি/মাষ্টার কপি।